

# জাবিতে চারুকলা ভবন নির্মাণ নিয়ে মুখোমুখি দুই পক্ষ

জাবি সংবাদদাতা

প্রকাশিত: ০০:০৯, ২৬ নভেম্বর ২০২৪



মুখোমুখি অবস্থানে চারুকলা বিভাগের শিক্ষার্থীরা ও তিন প্ল্যাটফর্মের সম্মিলিত একটি পক্ষ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) চারুকলা অনুষদের ভবন নির্মাণ নিয়ে মুখোমুখি হয়েছে। চারুকলা বিভাগের শিক্ষার্থীরা ও তিন প্ল্যাটফর্মের সম্মিলিত একটি পক্ষ। এই তিন প্ল্যাটফর্ম আছে আধিপত্যবাদ বিরোধী মঞ্চ, গণঅভ্যর্থনা রক্ষা আন্দোলন ও ছাত্র ইউনিয়নের একাংশ।

সোমবার (২৫ নভেম্বর) রাত সাড়ে ১০ টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে এ ঘটে। এসময় চারদিকে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এর আগে, দুপুর ১২ টা থেকে দ্রুত ভবন নির্মাণের কাজ শুরুর দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন অবরোধ করেন চারুকলা বিভাগের শিক্ষার্থীরা।

এসময় আটকা পড়েন প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক সোহেল আহমেদ, প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক মাহফুজুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুর রব, রেজিস্ট্রার আজিজুর রহমানসহ প্রশাসনিক ভবনের কর্মকর্তারা। পরে রাত ৯ টা পেরিয়ে গেলেও তারা অবরোধ তুলে নিলে উপাচার্য অধ্যাপক কামরুল আহসান সেখানে আসেন।

এসময় উপাচার্য চারুকলা বিভাগের শিক্ষার্থীদের যৌক্তিক সময়দান ও আলোচনার টেবিলে  
বসার আহ্বান জানানা তবে রাত ১১ টা পর্যন্ত শিক্ষার্থীরা তাদের দাবিতে অনড় রয়েছেন।

এদিকে, খবর পেয়ে আধিপত্যবাদ বিরোধী মঞ্চ, গণঅভ্যুত্থান রক্ষা আন্দোলন ও ছা-  
ইউনিয়নের একাংশ সেখানে মিছিল নিয়ে উপস্থিত হয়। এসময় তারা 'ভারতীয় আগ্রাসন, মা-  
না মানব না', 'দিল্লী না ঢাকা- ঢাকা ঢাকা', 'ময়েজের দুই গালে, জুতা মারো তালে তালে' ভারতী  
অর্থায়নে ভবন নির্মাণ চলবে না' প্রভৃতি স্লোগান দিতে থাকেন। সর্বশেষ রাত ১১ টায় ,  
প্রতিবেদন লেখা পর্যন্ত দুই পক্ষ মুখোমুখি অবস্থানে রয়েছে।